গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | দেবজিৎ সিংহ<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ, সিলেট। |
| সভার তারিখ | : ১৬ নভেম্বর ২০২২ |
| সভার সময় | : সকাল ১১:০০ টা |
| স্থান | : জুম প্লাটফর্ম (আইডি নম্বর: 207 805 0124) |
| উপস্থিতি | : জুম হাজিরা মতে (পরিশিষ্ট- 'ক') |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এই সভা আয়োজন করা হয়। এ সভায় সিলেট বিভাগাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার সকল অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) এবং সকল শাখা কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রতিটি কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি সহজীকরণ এবং সুলভ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সেবা গ্রহীতার কাছ থেকে মতামত সংগ্রহ করার প্রতি গুরুত্বারোপ করা হয়। সভায় উপস্থিত অতিরিক্ত জেলাপ্রশাসক এবং সকল শাখা কর্মকর্তাগণ স্ব স্ব ক্ষেত্রের সমস্যা তুলে ধরলে সভাপতি সেসব বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। **বিস্তারিত আলোচনান্তে বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:**

<table>
<tr><th>আলোচনা/বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১. গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>১৩ সেপ্টেম্বর, ২০২২ তারিখের সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr>
<tr><td>১৩.০৯.২০২২</td><td>০৭</td><td>০৫</td><td>৭১.৪৩%</td></tr>
</table></td><td>১.১ বিগত সভায় গৃহীত ০৭ টি সিদ্ধান্তের মধ্যে ০৫ টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অবশিষ্ট ০২ টি সিদ্ধান্ত আগামী সভার পূর্বে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১. অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।</td></tr>
<tr><td>০২. আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন: সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকের শুরুতে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এ সংক্রান্ত সভা প্রতি ত্রৈমাসিকের শুরুতে আয়োজন করতে হবে।</td><td>১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| **০৩. সিটিজেন্স চার্টার যথাযথভাবে প্রণয়ন করা:** আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার যথাযথভাবে প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **৩.১** আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণয়নকালে সচরাচর যে ত্রুটিসমূহ পরিলক্ষিত হয়, তা সংশোধন/পরিহারক্রমে স্ব স্ব অফিসের সিটিজেন্স চার্টার প্রণয়ন করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৪. সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ সঠিক সময়ে সম্পাদন করা:**<br>সকল অফিসের নিজ নিজ সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **৪.১** স্ব স্ব অফিসের সিটিজেন্স চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৫. পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন:**<br>২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **৫.১** প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| | **৫.২** পরিবীক্ষণ কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন স্ব স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| | **৫.৩** কোনো ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার প্রয়োজন না হলে **'কমিটি পুনর্গঠন করার প্রয়োজন নেই'** মর্মে প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

| | | |
|---|---|---|
| **০৬. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন:**<br>২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৬.১ ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২টি কর্মশালা/ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |
| **০৭. স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন:**<br>২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৭.১ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশিকায় বর্ণিত অংশীজনদের নিয়ে ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | ১. অতিরিক্ত জেলাপ্রশাসক, সার্বিক (সকল, সিলেট বিভাগ)<br>২. সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেবজিৎ সিংহ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক),
সিলেট বিভাগ, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.০৬.০১৪.২২.১২৯১

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯
২৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জেলাপ্রশাসক (সকল), সিলেট বিভাগ।
৪) অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) (সকল, সিলেট বিভাগ)

নাসরিন চৌধুরী
সিনিয়র সহকারী কমিশনার

পরিশিষ্ট- ‘ক’

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক | নাম | পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ জাকির হোসেন | অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), অতিরিক্ত দায়িত্ জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | ০১৭৩০৩৩১১০২ |
| ২. | বেগম তানিয়া সুলতানা | অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), জেলাপ্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ০১৭৩০৩৩১০৫৫ |
| ৩. | জনাব মোঃ রফিকুল আলম | অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলাপ্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ | ০১৭৩০৩৩১১২৭ |
| ৪. | জনাব মোহাম্মদ মোবারক হোসেন | অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), জেলাপ্রশাসকের কার্যালয়, সিলেট | ০১৭৩০৩৩১০১৪ |
| ৫. | বেগম নাসরিন চৌধুরী | সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট | ০১৭১৭৭৯৪৪৪৮ |
| ৬. | জনাব মোঃ শোয়েব শাত-ঈল ইভান | সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, তথ্য ও অভিযোগ শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ | ০১৮৮৬০৫৮৬৪২ |
| ৭. | জনাব মোঃ মাহবুবুর রহমান | সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, সিলেট | ০১৭১৯-২৩৩০০১ |
| ৮. | জনাব মোঃ বোরহান উদ্দিন | সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ | ০১৭৫৫৪৪২৫৬৭ |
| ৯. | জনাব মোঃ মাহবুবুল আলম | প্রশাসনিক কর্মকর্তা (সংস্থাপন শাখা), জেলাপ্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার | ০১৮১৯৫৯২৯৬৬ |